[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এ সময় বক্তারা নোয়াখালীর বেগমগঞ্জ, সিলেটের এমসি কলেজসহ দেশের বিভিন্ন প্রান্তের নারী ধর্ষণ, নারীর শ্লীলতাহানি, নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ করেন এবং ধর্ষকের কঠোর বিচার চেয়ে বক্তব্য প্রদান করেন জীবননগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এম. আর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম বাবু, জীবননগর উপজেলা লোকমোর্চার সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, সাংবাদিক আকিমুল ইসলাম,

জহিরুল ইসলাম কাজী শামসুর রহমান, মাজেদুল ইসলাম, মফিজুল ইসলাম , মহিলা নেন্ত্রী রেনুকা আক্তার এবং স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে বক্তব্য রাখেন ইয়্যুথ এসেম্বলীর জেলা সমন্বয়কারী আব্দুস সালাম, সদস্য স্বর্ণা, লাবনী ও নিশান, রাজিব হোসেন, বন্ধু রক্তদান কেন্দ্রের ঐশ^র্যসাহা প্রিয়া, আব্দুল্লাহ, শাকিল হাসান, তালহা ফাউন্ডেশনের জুবায়ের আহমেদ, এফএসডিওর সভাপতি তুহিনুজ্জামান, পিবিআরবির সভাপতি সাদিয়া খাতুন,স্বপ্ন ছোয়া সংগঠনের জসিম উদ্দিন, লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল, ইয়্যুথ এসেম্বলীর জীবননগর উপজেলার সমন্বয়কারী লিটন উপস্থিত ছিলেন।

মানববন্ধন ও প্রতিবাদ সভায় দল মত নির্বিশেষে ধর্ষণের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান রাখেন সেই সাথে ধর্ষণ বন্ধে তারা আইনের কঠোর প্রয়োগ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

হরিণাকুণ্ডে জাতীয় জন্ম নিবন্ধন দিবস পালিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জাতীয় জন্ম নিবন্ধন দিবস- ২০২০ পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার সকালে উপজেলা প্রশাাসনের আয়োজনে একটি র্যালী বের হয়।

পরে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে

প্রধান অতিথির বক্তব্যদেন উপজেলা পরিষদ চেয়ারমান মোঃ জাহাঙ্গীর হোসাইন।

এসময় অন্যানের মধ্যে বক্তব্যদেন হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রহিম মোল্লা, কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, যুব উন্নয়ন কর্মকর্তা বেল্লাল হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, নির্বাচন কর্মকর্তা নূর-উল্লাহ, সহকারি প্রোগ্রামার ওয়াশিকুর রহমান, প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এস এম আব্দুর রহমান, ইউপি চেয়ারমান গোলাম মোস্তফা, ইউপি সচিব আশরাফুল ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে ধর্ষণের প্রতিবাদে মানববন্ধন ও অবস্থান কর্মসূচী পালন

সিলেট এমসি কলেজে গৃহবধূ ধর্ষণ নোয়াখালীর বেগমগঞ্জে গৃহবধুকে বিবস্ত্র করে ধর্ষণসহ সারাদেশে ধর্ষণের প্রতিবাদে ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ঝিনাইদহে মানববন্ধন ও অবস্থান কর্মসূচী পালন করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ টায় ঝিনাইদহ কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে ঝিনেদা থিয়েটার ও ভোর হলো সাংস্কৃতিক সংগঠনের ব্যানারে এ প্রতিবাদী অবস্থান কর্মসূচি পালন করা হয়। সেসময় ঝিনাইদহের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংগঠন, ও সাংবাদিকরা কর্মসূচির সাথে একাত্মতা প্রকাশ করে প্রতিবাদ জানাই।

বক্তারা সিলেট এমসি কলেজে গৃহবধূ ধর্ষণ নোয়াখালীর বেগমগঞ্জে গৃহবধুকে বিবস্ত্র করে ধর্ষণসহ সহ সারাদেশে যে ধরণের ধর্ষণের ঘটনা বেড়ে গেছে তার প্রতিবাদে ধর্ষণকারীদের আইনের আওতায় এনে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানান। তারা বলেন, শাস্তি নিশ্চিত না হওয়ায় সমাজে ধর্ষণের ঘটনা বৃদ্ধি পাচ্ছে। এছাড়া বিচার কাজ বিলম্বিত হওয়ার কারণে ছাড় পাচ্ছে অনেক অপরাধীই।

[redacted] [redacted] [redacted] [redacted] !

[redacted]

[redacted]

[redacted].

[redacted]

[redacted]

[redacted]

বলেন, আমি ডায়াগনস্টিক সেন্টারের মালিক হিসেবে সালিশ সভায় অংশ গ্রহন করিনি। আমি উপজেলা সেচ্ছা সেবকলীগের সাধারণ সম্পাদক হিসেবে সালিশে অংশ গ্রহন করেছিলাম। তাছাড়া একজন ভিক্ষুককে বিনা প্রয়োজনে অর্থ উপার্জনের লালশায় টেস্ট দিয়েছে। এ টেস্ট গুলি গাংনী হাসপাতালেই সরকারি ভাবে করোনো হয়। তাই প্রতিবাদ করার জন্য গিয়েছিলাম। তানভিরের সাথে আমার অসৌজন্যমুলক কিছুই ঘটেনি। যা ঘটেছে তা ভিডিও করে ফেসবুকে পোষ্ট করা আছে। আমি একজন শিক্ষিত এবং সচেতন নাগরিক হিসেবে সরকারি সেবা পাইয়েদিতে অসহায় শুকুর আলীর পাশে দাঁড়িয়েছিলাম।

স্যাকমো তানভিরের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তার মোবাইল ফোন নম্বরটি বন্ধ থাকায় কথা বলা সম্ভব হয়নি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলম বলেন, স্যাকমো তানভির টেস্ট দেয়ার অধিকার রাখেনা। শুকুর আলী ও তানভির দুজনেই তাদের অভিযোগ পত্র প্রত্যাহার কারার জন্য লিখিত দিয়েছেন। এবং তাতে উল্লেখ করেছেন তারা ভুল বুঝে এসব করেছেন। দেলোয়ার ও তানভিরের সাথে যা ঘটেছে সেবিষয়ে তারা নিজেরাই বন্ধুত্বের কারনে বুকে বুক মিলিয়ে নিয়েছেন আমার কাছে বসেছিলেন শুধু মাত্র জানানোর জন্য। তিনি আরো বলেন আগেই তারা তাদের অভিযোগ প্রত্যাহার করেছেন সে ক্ষেত্রে তারা কেউই আর অভিযোগের মধ্যে পড়েনা। গাংনীর মানুষকে আমি সম্মান ও শ্রদ্ধাকরি। আমিও চাই গাংনী হাসপাতালে সকলে সেবা গ্রহন করুক।

অপহরনের ২০ দিন পর উদ্ধার হলো বন্যা খাতুন

অপহরনের ২০ দিন পর অবশেষে মুজিবনগর থানা পুলিশের চেষ্টায় উদ্ধার হয়েছে ১৮ বছরের বালিকা বন্যা খাতুন(সুবর্ণা)।

মঙ্গলবার সকাল সাড়ে আটটার দিকে অপহরনকারী মেহেরপুর শহরের কাশবপাড়া মাহফুজুর রহমানের বাড়ি থেকে তাকে উদ্ধার করা হয়। পরে ভিক্টিম এর ডাক্তারি পরিক্ষা শেষে জবানবন্দি গ্রহন করার জন্য

আদালতে নেওয়া হয়।

উদ্ধারকৃত বন্যা খাতুন মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের আনারুল ইসলামের মেয়ে।

এদিকে অপহরনকারী আসামী মেহেরপুর সদর উপজেলার মেহেরপুর শহরের কাশবপাড়ার বাসিন্দা।

জানা গেছে,গত ১৪ সেপ্টেম্বর নিজ বাড়ি থেকে বন্যা অপহরন হওয়ার পর দির্ঘদিন খোজাখুজির পর কোন সন্ধান না পেয়ে সর্বশেষ। গত সোমবার বন্যা খাতুনের মা বিলকিস খাতুন বাদী হয়ে আদালতে মাহফুজুর রহমানকে আসামী করে একটি অপহরন ও ধর্ষণ মামলা করেন।

পরে মামলাটি মুজিবনগর থানায় রেফার করলে পুলিশ মামলাটি আমলে নিয়ে মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই পলাশ কুমার রায় খোজাখুজি শুরু করলে পরের দিন সকালে বন্যা খাতুনকে আসামীর বাড়ি থেকে উদ্ধার করে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, আদালতের নির্দেশে পুলিশ খোজাখুজি করে আসামীর বাড়ি থেকে ভিক্টিমকে উদ্ধার করে।
ভিক্টিম উদ্ধারের পর ডাক্তারি পরিক্ষা শেষে জবানবন্দি গ্রহন করার জন্য আদালতে প্রেরন করা হয়েছে।

মেহেরপুরে ধর্ষণের বিরুদ্ধে মিছিলে পুলিশের বাধা

“সুস্থ সমাজের কীট ধর্ষকদের বিরুদ্ধে গর্জে ওঠো বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে ধর্ষণের ঘটনায় জড়িতদের ফাঁসির দাবিতে বিক্ষোভ মিছিল করে। মিছিলটি মেহেরপুর পৌরসভার সামনে পৌঁছালে মেহেরপুর জেলা পুলিশের বাধায় বিক্ষোভ মিছিল টি বন্ধ করে দেয় ইসলামী যুব আন্দোলন।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা ইসলামী আন্দোলনের সভাপতি মুফতি হুজাইফা’র নেতৃত্বে এই বিক্ষোভ মিছিলটি অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন ইসলামী যুব আন্দলনের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি তরিকুল ইসলাম, সহ-সভাপতি রহমতুল্লাহ এবং ইসলামী আন্দোলনের সভাপতি অধ্যক্ষ খাদেমুল ইসলাম প্রমুখ।

বিক্ষোভ মিছিলটি মেহেরপুর কোট মোড় থেকে শুরু করে পৌরসভার দিকে আসলে মেহেরপুর জেলা পুলিশের একটি টিম বিক্ষোভ মিছিল টি বন্ধ করে দেয়। তারা জানান, অনুমতি ছাড়া এ ধরনের বিক্ষোভ মিছিল করা যাবে না।

এই বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শাহ্ দারা খান ‘মেহেরপুর প্রতিদিন’কে জানান, ইসলামী যুব আন্দোলনের মিছিলটিতে পুলিশ কোনোরকম বাধাগ্রস্থ করে নাই। তারা মিছিলটি সম্পন্ন করে চলে যায়।

নানী বাড়ি বেড়াতে যেতে না পারায় শিশু শিক্ষার্থীর আত্মহত্যা

ঝিনাইদহের শৈলকুপায় সাদিয়া খাতুন (৯) নামে এক শিশু শিক্ষার্থী গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছে। ঘটনাটি মঙ্গলবার (৬ অক্টোবর) সকালে উপজেলার মনোহরপুর ইউনিয়নের পাইকপাড়া গ্রামে। নিহত শিক্ষার্থী ওই গ্রামের অবসরপ্রাপ্ত সৈনিক কামরুল হাসানের কন্যা ও পাইকপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর শিক্ষার্থী।

নিহতের পিতা কামরুল হাসান জানান, সকালে সাদিয়া কোচিং শেষ করে বাড়িতে আসে। পরে মায়ের সাথে নানী বাড়ি যাবে বলে জানান। পড়াশোনা নষ্ট হবে বলে তার মা নানী বাড়ি যেতে নিষেধ করে। অভিমান করে বাড়ির সবার চক্ষু আড়ালে নিজ শয়ন কক্ষে গলাই ওড়না পেঁচিয়ে ফাঁস দিয়ে আত্মহত্যা করে।

পরে পরিবারের লোকজন টের পেয়ে তাকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ষোষণা করে। শৈলকুপা থানার অফিসার ইনচার্জ (ওসি) জাহাঙ্গীর আলম বিষয়টি নিশ্চিত করেছেন।

সরকারি কর্মকর্তারা বিদেশে গিয়ে লাটসাহেব হয়ে যান: ডা. জাফরুল্লাহ

সম্প্রতি তৈরি হওয়া প্রবাসী সমস্যা সমাধানে সৌদি গিয়ে সেখানকার বাদশাহর সঙ্গে সরাসরি কথা বলতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানিয়েছেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ।

মঙ্গলবার গণস্বাস্থ্য নগর হাসপাতালে আয়োজিত এক সভায় তিনি এই আহ্বান জানান। গণস্বাস্থ্য কেন্দ্রের প্রেস উপদেষ্টা জাহাঙ্গীর আলম মিন্টুর সঞ্চালনায় ‘সৌদি আরব, মধ্যপ্রাচ্য, মালয়েশিয়া ও ইউরোপসহ প্রবাসে বাংলাদেশি শ্রমিকদের কর্মস্থলে আকামা, ভিসা সমস্যা সমাধানে করণীয়’ শীর্ষক সভাটি অনুষ্ঠিত হয়।

ডা. জাফরুল্লাহ বলেন, বাংলাদেশের উন্নয়নের ভিত্তি গড়েছেন আমাদের দেশের প্রবাসীরা। তাদের প্রতি আমরা সম্প্রতি যে ব্যবহার করছি, তা উদ্বেগের। তাদের প্রতি পুলিশের লাঠিচার্জ জঘন্য অপরাধ। তাদের প্রতি এমন ব্যবহারের পরিবর্তে সরকারের উচিত প্রত্যেকটা প্রবাসীকে সরকারি অর্থে হোটেলে রাখা এবং তারপর সরকারের দায়িত্ব হবে প্রবাসীদের ভিসা ও আকামা সমস্যার সমাধান করা।’

প্রধানমন্ত্রীর উদ্দেশে জাফরুল্লাহ চৌধুরী বলেন, ঘরে না থেকে সৌদি গিয়ে সেদেশের বাদশাহর সঙ্গে প্রধানমন্ত্রীর দেখা করা উচিত। তাদের বুঝিয়ে বলা উচিত আমাদের সমস্যার কথাগুলো। প্রধানমন্ত্রী মুসলিম রাষ্ট্রের একমাত্র নারী নেত্রী। তার একটা গুরুত্ব আছে। ফোনালাপে এ সমস্যার সমাধান হবে না। পাশাপাশি প্রধানমন্ত্রী

সৌদি গেলে সমস্যাগুলো সমাধানের পাশাপাশি অ্যাম্বাসিতে যে সমস্যা রয়েছে, সেগুলোও দেখে আসতে পারবেন।

দেড় কোটি প্রবাসী যদি দেশে ফিরে আসে তাহলে বাংলাদেশের অবস্থা খুব একটা ভালো হবে না- এমন মন্তব্য করে তিনি বলেন, এমনিতেই অসংখ্য রোহিঙ্গা আমাদের দেশে অবস্থান করছে। একইসঙ্গে প্রবাসীরা দেশে ফিরে আসলে তাদের জমানো অর্থ ফুরিয়ে যাবে। তখন আরেকটা সঙ্কটের সৃষ্টি হবে। বর্তমানে এমনিতেই ঢাকায় হাঁটার জায়গা নেই, দেড় কোটি মানুষ অতিরিক্ত আসলে এ অবস্থা আরও শোচনীয় হবে।

সরকারি কর্মকর্তারা বিদেশে গিয়ে লাটসাহেব হয়ে যান মন্তব্য করে ডা. জাফরুল্লাহ বলেন, সমস্যার সমাধানে মন্ত্রী বা সরকারি আমলাদের পাঠিয়ে কিছু হবে না। তাদের দিয়ে আশা করা যায় না। এ সমস্যার সমাধানে প্রধানমন্ত্রীকেই অগ্রণী ভূমিকা পালন করতে হবে। কারণ প্রধানমন্ত্রী সেখানে (সৌদি আরব) গেলে সৌজন্যবোধ এবং তার সম্মানে ও শিষ্টাচারে এ সমস্যা সমাধান হয়ে যাবে। আমাদের প্রবাসীদের সম্মান দেখানো হবে। সুত্র- যুগান্তর

সাংবাদিক মাহাবুব চান্দু করোনা আক্রান্ত

মেহেরপুর প্রতিদিন এর ব্যবস্থাপনা সম্পাদক,ইত্তেফাকের জেলা প্রতিনিধি ও মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দু করোনা আক্রান্ত হয়েছেন।

আজ মঙ্গলবার বিকালে তিনি সিভিল সার্জন অফিস থেকে জানার পর বিষয়টি মেহেরপুর প্রতিদিনকে নিশ্চিত করেন। তিনি জানান, কয়েকদিন ধরে পরিবারের সকল সদস্য জ্বরে ভুগছিলেন। সে কারণে গতকাল সোমবার মেহেরপুর জেনারেল হাসপাতালে পরিবারের সকলে নমুনা দিয়েছিলেন।

সাংবাদিক মাহবুব চান্দু করোনা প্রাদুর্ভাবের পর থেকে তাঁর ফেসবুক প্রোফাইলে প্রতিদিন নিয়মিত ভাবে করোনা তথ্য আপডেট দিয়েছেন।

তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত তিনি সুস্থ আছেন। তেমন কোন শারীরিক সমস্যা নেই বলে জানিয়েছেন।

পরিবাররের সদস্য মাহবুব চান্দু দ্রুত আরোগ্য লাভ করে কর্মস্থলে ফিরবেন এ কামনায় সকলের কাছে দোয়া প্রার্থনা করেছেনে মেহেরপুর প্রতিদিন এর প্রকাশক, সম্পাদকসহ সহকর্মীরা। ।